**১. উদ্ভাবন বিবরণ:**

১.১. নাম: **গণশুনানী-পাবলিক হেয়ারিং**

১.২. উপজেলা: বোরহানউদ্দিন, জেলা: ভোলা, বিভাগ: বরিশাল

১.৩. **উদ্ভাবনটির সংক্ষিপ্ত বিবরণ:** ডিজিটাল প্রযুক্তির মাধ্যমে জনগণের দোর গোড়ায় সরকারি সেবা স্বল্প সময়ে এবং বিনামূল্যে পৌঁছে দেয়ার লক্ষ্যে উপজেলা নির্বাহী অফিসার, বোরহানউদ্দিন এর কার্যালয়ে **গণশুনানীর** বিভিন্ন অভিযোগ গ্রহণের জন্য আলাদা ই-মেইল এবং হট লাইন খোলা হয়েছে। যার ফলে তৃণমূল পর্যায়ের যেকোনো জনসাধারণ ই-মেইল, হট লাইনে ক্ষুদে বার্তা (এসএমএস), অভিযোগ বক্স স্থাপনের মাধ্যমে অত্র কার্যালয়ে অভিযোগ প্রেরণ করতে পারবেন।

**প্রার্থিত প্রতিকারসমূহ নিম্নরূপ:**

(ক) বাল্য বিবাহ;

(খ) ইভটিজিং;

(গ) নারী নির্যাতন ও যৌতুক (ভরণ-পোষণ, তালাক, একাধিক বিবাহ, বিনা নোটিশে তালাক, পারিবারিক কলেহ ও মারামারি ইত্যাদি);

(ঘ) চাকরি অথবা অর্থের প্রলোভন দেখিয়ে নারী পাচার সংক্রান্ত অপরাধ;

(ঙ) শিশুর প্রতি সহিংসতা (শিশু শ্রম, শিশুকে স্কুলে যেতে না দেওয়া, গৃহ-পরিচালিকার কাজে নিয়োজিত, শিশুদের প্রতি অমানবিক আচরণ ইত্যাদি);

(চ) পারিবারিক বিরোধ (মা-বাবার সাথে অসদাচরণ, বৃদ্ধ মা-বাবার খোঁজ না রাখা, ভরণ-পোষণ না দেওয়া, ভাই-বোনের মাঝে কলেহ ইত্যাদি);

(ছ) মাদক (গাঁজা, ইয়াবা ও দেশীয় চোলাই মদ সেবন ও বিক্রয়);

(জ) জুয়া (জুয়ার আসর বসানো, মেলার নামে অননুমোদিতভাবে লটারি বা ভাগ্যকুপন বিক্রির মাধ্যমে অর্থ আত্মসাৎ ইত্যাদি);

(ঝ) খাদ্য ভেজাল ও পরিমাণে কম দেয়া (মাছ ও মাংসে ওজন কম দেয়া, ফল-মূল, শাক-সবজিতে ক্ষতিকর কেমিক্যাল মিশানো);

(ঞ) প্রতারণা (মোবাইল ফোনে বিভিন্ন পরিচয়ে টাকা চাওয়া, জিনের বাদশা সেজে অর্থ হাতিয়ে নেয়া ইত্যাদি);

(ট) নিষিদ্ধ সময়ে মৎস্য আহরণ (মা-ইলিশ রক্ষা অভিযান, জাটকা নিধন অভিযান, রেনু পোনা আহরণ নিষিদ্ধ সংক্রান্ত);

(ঠ) সরকারি খাস ও ভিপি সম্পত্তি অবৈধ দখল;

(ড) পাওনা টাকা আদায় (আদম ব্যাবসা, অংশিদারিত্ব ব্যাবসা)

(ঢ) সামাজিক জোর জবরদস্তি (গাছের চারা কেটে ফেলা, হাঁস-মুরগি এবং গবাদী পশু মেরে ফেলা ইত্যাদি);

(ণ) সরকারি অফিসসমূহে দালালদের দৌরাত্ম (সাধারণ মানুষের সেবা প্রাপ্তিতে বাধা সৃষ্টি করা, টাকা হাতিয়ে নেয়া);

(ত) সামাজিক বিরোধ (গোষ্ঠীগত দ্বন্দ্ব বা কৌলেণ্য);

(থ) মারামারি/সহিংসতা;

(দ) জায়গা জমি সংক্রান্ত ছোট-খাট বিরোধ (পথ অবরুদ্ধ করা, টিউওয়েল ব্যবহার নিয়ে বিরোধ, ঘের/পুকুর, নালা, কবরস্থান প্রভৃতি নিয়ে বিরোধ);

(ধ) পুকুর বা খাল-বিলে মৎস্য চাষ নিয়ে বিরোধ;

(ন) আবাদী জমির ফসল নিয়ে বিরোধ (গরু, মহিল, ছাগল, হাঁস-মুরগীদ্বারা ফসলের ক্ষতি এবং গাছের ছাঁয়া দ্বারা ফসলের ক্ষতিসাধন;

(প) জঙ্গিবাদ বা সন্ত্রসবাদ সম্পর্কিত তথ্য;

(ফ) শিক্ষা প্রতিষ্ঠান সংক্রান্ত (সম্পত্তি, অনুপস্থিতি, ছাত্র উপ-বৃত্তি আত্মসাৎ, ইভটিজিং, যৌন হয়রনি ইত্যাদি)।

১.৪. **<u>অংশীদল ও সুবিধাভোগীদের সংক্ষিপ্ত বিবরণ:</u>** বোরহানউদ্দিন উপজেলার প্রত্যন্ত অঞ্চলে বসবাসকারী গরিব ও অসহায় জনসাধারণকে বিনামূল্যে ন্যায় বিচার নিশ্চিত করা। বিগত ০৬ (ছয়) মাসে নিম্নস্বাক্ষরকারী **গণশুনানীর** মাধ্যমে নিমেণাক্ত ছকে বর্ণিত অভিযোগ নিষ্পত্তি করেছেন।

| ক্র: নং | মাসের নাম | প্রাপ্ত অভিযোগের সংখ্যা | নিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা | নিষ্পত্তিকৃত অভিযোগের বিবরণী | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১ | মে-২০১৬ | ০৯ | ০৩ | জায়গা জমি সংক্রান্ত বিরোধ-৩ | ০৬টি অভিযোগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণ করা হয়েছে। |
| ০২ | জুন-২০১৬ | ৪৭ | ৪১ | শিক্ষা-০৫<br>মসজিদ-০৩<br>জায়গা জমি সংক্রান্ত -১০<br>অর্থ বিতরণ-০২<br>বীর মুক্তিযোদ্ধাদের সম্মানি-০১<br>মন্দির ভাংচুর-০১<br>অত্যাচার, নির্যাতন ও অন্যান্য -১৯ | ০৬টি অভিযোগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণ করা হয়েছে। |
| ০৩ | জুলাই-২০১৬ | ১৯ | ০৯ | ইভটিজিং-০২<br>উচ্ছেদ-০১<br>জায়গা জমি সংক্রান্ত -০৪<br>অন্যান্য-০২ | বাকি অভিযোগের কার্যক্রম চলমান। |
| ০৪ | আগস্ট-২০১৬ | ৩৭ | ১১ | জায়গা জমি সংক্রান্ত -০৩<br>অত্যাচার ও নির্যাতন-০৩ | বাকি অভিযোগের কার্যক্রম চলমান। |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | | | অন্যান্য-০২ | |
| ০৫ | সেপ্টেম্বর-২০১৬ | ৬৯ | ৩৩ | জায়গা জমি সংক্রান্ত -০২<br>অত্যাচার ও নির্যাতন-১৩<br>অন্যান্য-১৫ | বাকি অভিযোগের কার্যক্রম চলমান। |
| ০৬ | অক্টোবর-২০১৬ (২০.১০.২০১৬ পর্যমত্ম) | ৫০ | ৬৩ | জায়গা জমি-০২<br>অত্যাচার ও নির্যাতন-২০<br>অন্যান্য-৪১ | ভূমি সংক্রান্ত অভিযোগ সহকারী কমিশনার (ভূমি)-এর অনুকূলে প্রেরণ করা হয়েছে। অভিযোগের কার্যক্রম চলমান। |

১.৫. **পদ্ধতিগত দিক:** বিরোধ নিষ্পত্তির মাধ্যমে তাৎক্ষনিক, স্বল্প মেয়াদী, স্থায়ী ফলাফল পাওয়া গিয়েছে।

১.৬. **যৌক্তিকতা:** অপরাধ প্রতিরোধের মাধ্যমে জনগণের ন্যায় বিচার পাওয়ার সাংবিধানিক অধিকার, আইনের শাসন প্রতিষ্ঠা ও আইনের প্রতি শ্রদ্ধাশীল হওয়া নিশ্চিতকরণ।

১.৭. **উদ্ভাবনীটির প্রভাব**:

(ক) আইন শৃঙ্খলা পরিস্থিতির উন্নতি

(খ) শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক ও শিক্ষার্থীদের উপস্থিতি নিয়মিতকরণ

(গ) সামাজিক অবকাঠামোর উন্নয়ন

(ঘ) সামাজিক সুবিচার নিশ্চিতকরণ

(ঙ) মামলা-মোকদ্দমার মাধ্যমে জনসাধারণের অর্থ অপচয় রোধ করে গ্রামীণ অর্থনীতির স্থিতিশীলতা বজায় রাখা

(চ) বিচারিক আদালতে মামলার জট হ্রাসকরণ

(ছ) জন হয়রানি বন্ধকরণ

(জ) নৈরাজ্য লোপ করে সামাজিক সাম্য প্রতিষ্ঠকরণ

(ঝ) দালালদের দৌরাত্ম দূর করে বিনামূল্যে সরকারি সেবা গ্রহণে জনগণকে উৎসাহিত করণ

(ঞ) তাৎক্ষণিকভাবে জনসাধারণকে সরকারি সেবা প্রদান নিশ্চিতকরণ

১.৮. **উদ্ভাবনটির সাফল্যের উপাদানসমূহ:**

জনসচেতনতা সৃষ্টি (Public Awareness), ন্যায় বিচার (Justice), তাৎক্ষণিকভাবে অভিযোগ আমলে নেয়া (Rapid Responsive), স্বচ্ছলতা (Transparency), জবাবদিহিতা (Accountability), নিরপেক্ষতা (Impartiality) বজায় রাখা।

১.৯. **চ্যালেঞ্জ ও বাধাসমূহ:**

(ক) জনবল সংকট ও আর্থিক বরাদ্দ না থাকা

(খ) সমাজের প্রভাবশালী ব্যক্তিবর্গ কর্তৃক মামলা স্থানামত্মর করে বিচারিক আদালতে হস্তান্তর

(গ) ডিজিটাল সরঞ্জামাদির অভাব

(ঘ) অভিযোগ দায়েরের ক্ষেত্রে বিভিন্ন প্রভাবশালী ব্যক্তি/গোষ্ঠীর বাধা/হুমকি অপসারণ

১.১০. **শিখন:** জনগণের মাঝে সাংবিধানিক অধিকার ও আইনের প্রতি শ্রদ্ধাশীলতা সৃষ্টি হয়েছে।

১.১১. **স্থায়িত্বশীলতা:**

(ক) অভিযোগসমূহ ও নিষ্পত্তির বিবরণসমূহের ডাটা বেইজ তৈরী করে সংরক্ষণ করা

(খ) কেহ যাতে অযথা হয়রানির শিকার না হয় তা নিবিরভাবে পর্যবেক্ষণ করা

(গ) অভিযোগ নিষ্পত্তির বিবরণী উভয় পক্ষে লিখিতভাবে সরবরাহ করা

১.১২. **প্রতিবন্ধকতা ও উত্তরণ:**

(ক) প্রভাবশালী ব্যক্তিবর্গ/স্থানীয় জনপ্রতিনিধিদের নিকট এর সুফল সম্পর্কে ধারণা দেওয়া হয়েছে। তাঁরা এর ইতিবাচক দিকটি উপলব্দি করতে স্বক্ষম হয়েছে। বর্তমানে মানীয় সংসদ সদস্য, চেয়ারম্যান উপজেলা পরিষদ, মেয়র ও স্থানীয় জনপ্রতিনিধি, রাজনৈতিক ব্যক্তিবর্গও জনগণকে অভিযোগ নিয়ে সুপারিশসহ গণশুনানীতে প্রেরণ করছেন। মাঝে মাঝে এসব নেতৃস্থানীয় ব্যক্তিবর্গ গণশুনানীতে সরাসরি উপস্থিত থেকে কার্যক্রম পর্যবেক্ষণ করছেন।

(খ) কার্যক্রম পরিচালনার জন্য আলাদা বাজেট বরাদ্দ প্রদান আবশ্যক।

(গ) প্রয়োজনীয় জনবল নিয়োগ করার জন্য ইতোমধ্যে উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করা হয়েছে।

১.১৩. **উপসংহার:**

উল্লিখিত অভিযোগসমূহ গ্রাম আদালতে নিষ্পত্তিযোগ্য। বিচারিক সমাধানের জন্য উর্ধ্বতন অফিসকে অবহিত করা হয়েছে। কিন্তু গ্রাম আদালতের মামলাগুলো নিষ্পত্তি হওয়ার আগেই প্রভাবশালীগণ কর্তৃক বিচারিক আদালতে স্থানান্তরিত হয়ে থাকে। বিচারিক আদালতের দীর্ঘসূত্রিতার কারণে গরিব, অসহায় জনসাধারণ তাৎক্ষণিকভাবে বিচার প্রাপ্তি হতে বঞ্চিত হচ্ছে। তাই গ্রাম আদালতের আপিল মামলাগুলো উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক পরিচালিত গণশুনানীতে আপীল করার ক্ষমতার্পণ করা হলে গরিব,অসহায় জনসাধারণ উপকৃত হবে এবং ন্যায় বিচার নিশ্চিত করা সহজতর হবে।